

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০৯৯.০৮৯.২০১৭-৮১১

তারিখঃ ২২/১১/২০১৭ খ্রিঃ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড” এর অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে ২৫/১১/২০১৭ তারিখে “আনন্দ শোভাযাত্রা” এর মাধ্যমে উদযাপন উপলক্ষে কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন প্রসংগে।

সূত্র : ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫-২০১৫/১(৭), তারিখঃ ২১/১১/২০১৭ খ্রিঃ


সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড” এর অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভ করায় এ অর্জনকে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে আগামী ২৫/১১/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সারাদেশে জেলা ও উপজেলায় একযোগে “আনন্দ শোভাযাত্রা” আয়োজনের মাধ্যমে দিবসটি উদযাপন করা হবে। এ শোভাযাত্রায় স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/কিশোরদের অংশগ্রহণ করবে। জাতীয় কর্মসূচীর আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২১/১১/২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ ও যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এলজিইডি, ডিপিএইচই, ওয়াসাসমূহ, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদসমূহকে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উল্লেখ্য, আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় কাকরাইলসহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) হতে স্থানীয় সরকার বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ আনন্দ শোভাযাত্রা শুরু করে সোহরাওয়ার্দী উদ্যানে এসে ৩.০০ ঘটিকায় মিলিত হবেন। উক্ত শোভাযাত্রায় ঢাকা ওয়াসার সকল কর্মকর্তা/কর্মচারীগণকে দুপুর ২.০০ ঘটিকায় কাকরাইলসহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) চত্বরে সমবেত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসঙ্গে চট্টগ্রাম ওয়াসার সকল কর্মকর্তা/কর্মচারীগণকে চট্টগ্রামে অনুষ্ঠিতব্য আনন্দ শোভাযাত্রা উদযাপন এবং যথারীতি অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ বর্ণনামতে ৪ (চার) ফর্দ।

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা/ চট্টগ্রাম ওয়াসা।

  
22/11/17  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৩৭০  
watersupply\_02@yahoo.com

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।